দৈনিক সংবাদ

তারিখ ...০১-০৯-৯১...
পৃষ্ঠা ...১... কলাম ...৭...

৬৫

ক্লাস বাতিল ।। পরীক্ষা স্থগিত ।। ছাত্রদের সংঘর্ষ

# কৃষি বিশ্ববিদ্যালয় উপাচার্যের পদত্যাগ দাবীতে বিক্ষোভ

ময়মনসিংহ, ৩১শে আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।— বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্লাস বাতিল ঘোষণার প্রেক্ষিতে বিভিন্ন ছাত্র সংগঠন উপাচার্যের পদত্যাগ দাবী করেছেন। এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা ও থমথমেভাব বিরাজ করছে।

গত বৃহস্পতিবার সারারাত ছাত্রদল ও ছাত্রলীগের (আ-অ) মধ্যে গুলী বিনিময় ও সংঘর্ষের পর আজ সকালে উপাচার্যের বাসভবনে বিশ্ববিদ্যালয়ের ডীন ও প্রভোস্ট কাউন্সিলের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় আগামী ১৮ই সেপ্টেম্বর পর্যন্ত সকল ক্লাস বাতিল এবং সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। তবে, অফিস ও হলগুলো খোলা থাকবে।

এ ঘোষণার প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠন বিক্ষোভ মিছিল বের

বিক্ষোভ ঃ পৃঃ ৭ কঃ ৮

## বিক্ষোভ ঃ উপাচার্যের পদত্যাগ দাবী

(১ম পাতার পর)

করে। তারা আজ রাত দশটার মধ্যে উপাচার্যের পদত্যাগ দাবী করে তার নিকট স্মারকলিপি দিয়েছে।

এদিকে হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলে ছাত্রদল সশস্ত্র অবস্থান নিয়েছে এবং ছাত্রলীগ হলের ভেতর প্রবেশের চেষ্টা চালাচ্ছে। এ নিয়ে ক্যাম্পাসে অপ্রীতিকর ঘটনা ঘটার আশংকা রয়েছে। সাধারণ ছাত্রছাত্রীরা প্রাণভয়ে ক্যাম্পাস ছেড়ে চলে যাচ্ছে। পুলিশ টহল অব্যাহত রয়েছে।

শহরে আজ সন্ধ্যায় ছাত্রদল ও ছাত্রলীগ পরস্পরকে দোষারোপ করে বিক্ষোভ মিছিল বের করে। নতুন বাজার এলাকায় দু'টি সংগঠনের মধ্যে কয়েক দফা পাল্টা লড়াই হয়। এ সময় দু'টি গাড়ি ভাঙচুর হয়, দোকানপাট বন্ধ হয়ে যায় এবং পথচারীরা ছোটাছুটি শুরু করে। পুলিশ ঘটনাস্থলে এলে পরিস্থিতি স্বাভাবিক হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমঝোতার জন্য এক সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত নিয়েছেন।